

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৯০০

৯/ বিবাহ (১১১। (১১১)

পরিচ্ছেদঃ ৯/২১. গান গাওয়া এবং দফ বাজানো।

بَابِ الْغِنَاءِ وَالدُّفِّ

#### আরবী

حَدَّثَنَا إِسْحَقُ بْنُ مَنْصُورٍ أَنْبَأَنَا جَعْفَرُ بْنُ عَوْنٍ أَنْبَأَنَا الْأَجْلَحُ عَنْ أَبِي الزُّبَيْرِ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ أَنْكَحَتْ عَائِشَةُ ذَاتَ قَرَابَةٍ لَهَا مِنْ الْأَنْصَارِ فَجَاءَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فَقَالَ أَهْدَيْتُمْ الْفَتَاةَ قَالُوا نَعَمْ قَالَ أَرْسَلْتُمْ مَعَهَا مَنْ يُغَنِّي قَالَتْ لَا فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم إِنَّ الْأَنْصَارَ قَوْمٌ فِيهِمْ غَزَلٌ فَلَوْ بَعَثْتُمْ مَعَهَا مَنْ يَقُولُ أَتَيْنَاكُمْ أَتَيْنَاكُمْ \* فَحَيَّانَا وَحَيَّاكُمْ

#### বাংলা

8/১৯০০। ইবনু 'আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, 'আয়িশাহ্ (রাঃ) তার এক আত্মীয়ের এক আনসার মেয়ের সাথে বিবাহ দেন। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এসে বলেনঃ তোমরা কি মেয়েটিকে (স্বামীর বাড়ি) পাঠিয়ে দিয়েছ? তারা বলেন, হ্যাঁ। তিনি বলেনঃ তোমরা কি তার সাথে এমন কাউকে পাঠিয়েছ, যে গান গাইতে পারে? 'আয়িশাহ্ (রাঃ) বলেন, না। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ আনসার সম্প্রদায় গানের ভক্ত। অতএব তোমরা যদি তার সাথে কাউকে পাঠাতে, যে গিয়ে এরূপ বলতোঃ 'আমরা এসেছি তোমাদের কাছে, আমরা এসেছি তোমাদের কাছে, আমরা এসেছি তোমাদের।

## **English**

It was narrated that Ibn'Abbas said:

'Aisha arranged a marriage for a female relative of hers among the Ansar. The Messenger of Allah came and said: Have you taken the girl (to her husbands house)?" They said: "Yes." He said: "Have you sent someone with her to sing?" She said: "No." The Messenger of Allah said: "The Ansar are People with romantic feelings. Why don't you send someone with her to say:



'We have come to you, we have come to you, may Allah bless you and us?'"

### ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। ইরওয়াহ ১৯৯৫, যঈফাহ ২৯৮১।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী আল-আজালাহ সম্পর্কে আবুল ফারাজ ইবনুল জাওয়ী বলেন, তার জাল (বানিয়ে) হাদিস বর্ণনার অভিযোগ রয়েছে। আবু জা'ফার আল-উকায়লী বলেন, তিনি শা'বী থেকে হাদিস বর্ণনা করেছেন। তবে তিনি হাদিস বর্ণনায় ইদতিরাব করেছেন। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়, তার থেকে হাদিস গ্রহন করা যায় তবে তা দলীলযোগ্য হবে না। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে শীয়া মতাবলম্বী। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৮২, ২/২৭৫ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন